R. N. No. 2532/57 Phone : 66228 (Press), 67228 (Resi.)/STD 03483 Regd. No.—WB/MSD- 4

শ্রীমুদ্রণীর নবপদক্ষেপ
শ্রীবন্ধু পলি প্রিণ্ট
মহাবীরতলা
জঙ্গীপুর ( মুর্শিদাবাদ )
ফোন ঃ ৬৪৬৪৭/এসটিডি ০৩৪৮৩
বিড়ি, চানাচুর, পাউরুটি, মশলা প্রভৃতির প্লাস্টিক প্যাকেট ও লেবেল গ্রাভিয়ার মেসিনে ছাপানো হয়।

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র
Jangipur Sambad, Raghunathganj, Murshidabad (W. B)
প্রতিষ্ঠাতা—স্বর্গত শরৎচন্দ্র পণ্ডিত ( দাদাঠাকুর )
প্রথম প্রকাশ ঃ ১৯১৪

জঙ্গীপুর আরবান কো-অপঃ
ক্রেডিট সোসাইটি লিঃ
রেজি নং—১২ / ১৯৯৬-৯৭
( মুর্শিদাবাদ জেলা সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাংক অনুমোদিত )
ফোন ঃ ৬৬৫৬০
রঘুনাথগঞ্জ ।। মুর্শিদাবাদ

৮৬শ বর্ষ
২৩শ সংখ্যা
রঘুনাথগঞ্জ ১৬ই কার্তিক, বুধবার, ১৪০৬ সাল।
৩রা নভেম্বর, ১৯৯৯ সাল।
নগদ মূল্য : ১ টাকা
বার্ষিক ৪০ টাকা

## মোটা অঙ্কের পারিশ্রমিক পেয়েও কর্মীদের গাফিলতিতে সর্বত্র পোলিও টিকাকরণ হয়নি

জঙ্গিপুর ঃ গত ১৩ অক্টোবর সরকার, স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান ও সাধারণ মানুষের উৎসাহ উদ্দীপনায় পাল্‌স পোলিও টিকাকরণ কর্মসূচী পালিত হয়। অধিকাংশ মানুষ প্রত্যন্ত এলাকা থেকে নিজ নিজ শিশুদের নিয়ে আসেন। পরের তিন দিন ১৪, ১৫, ১৬ অক্টোবর নির্দ্ধারিত ছিল, যে শিশুরা কেন্দ্রে পৌঁছতে পারেনি, স্বাস্থ্য কর্মীদের দায়িত্ব প্রতি বাড়ি বাড়ি গিয়ে খোঁজ নিয়ে বাকীদের টিকা দান। এর জন্য এবারে মোটা অঙ্কের পারিশ্রমিকও ছিল। আর কাজ না দেখেই তা দিয়ে দেবার আদেশও নাকি ছিল। যে কর্মীরা দায়িত্বে ছিলেন তারা পারিশ্রমিক পেয়েও জঙ্গিপুর পুরসভার বিরাট অংশে তিন দিনে একদিনও মুখ দেখাননি। তাই বেশ উল্লেখযোগ্য সংখ্যায় অজ্ঞ, কট্টররা বাদ পড়ে গিয়েছে। অনেক গ্রামাঞ্চলেও একই সংবাদ। এই কাজ তদারকির জন্যও আবার একটি অনুসন্ধানি দল ছিল। তারা খোঁজ করেছে এবং কর্মীদের গাফিলতি ধরেছে। তারপর কি হয়েছে জানা যায়নি। অন্ততঃ টিকাকরণ হয়নি।

## জোতকমল পঞ্চায়েতে অনাস্থার দিন বোমা ও মারপিট

নিজস্ব সংবাদদাতা ঃ রঘুনাথগঞ্জ-২ ব্লকের জোতকমল গ্রাম পঞ্চায়েতে বিশেষ পুলিশী ব্যবস্থায় গত ১ নভেম্বর বিজেপি/কংগ্রেস জোটের আনা অনাস্থা কার্যকরী হয়। এই পঞ্চায়েতে আসন সংখ্যা ১৪। এর মধ্যে কংগ্রেস ৫, বিজেপি ৫, সিপিএম ৩, আরএসপি ১। অনাস্থা সভায় বিজেপির ৩ ও কংগ্রেসের ৫ জন উপস্থিত ছিলেন। সিপিএমের কেউ উপস্থিত হননি। আরএসপি এবং বিজেপির উপপ্রধান সভায় উপস্থিত থাকলেও ভোট দানে বিরত থাকেন। সভায় ৮ জনের উপস্থিতিতে সর্বসম্মতিভাবে প্রধান কৃষ্ণা দাসকে উৎখাত করে প্রস্তাব নেওয়া হয়। ঐ দিন বিজেপির রঘুনাথগঞ্জ ২ ব্লকের সাধারণ সম্পাদক চন্দ্রকান্ত হাজরা ও ২নং ব্লক কংগ্রেসের সভাপতি জয়কুমার জৈনের নেতৃত্বে সদস্যদের পঞ্চায়েত অফিসে আনার পথে বিজেপি সদস্য পরেশ হালদার, জঞ্জালি হালদার ও গীতা দাসকে দলবল দিয়ে জোরপূর্বক বাধা দেয় প্রধান কৃষ্ণা দাসের স্বামী সৌমেনকান্তি দাস। বিজেপির কোষাধ্যক্ষ ভুবনেশ্বর সিংহরায়ের মাথায় আঘাত লাগে। তাকে জঙ্গিপুর হাসপাতালে ভর্তি করতে হয়। কয়েকটি বোমাও ফাটে। পুলিশ ঘটনাস্থলে আসার আগেই আক্রমণকারীরা পালিয়ে যায়। বিজেপি ও কংগ্রেসের পক্ষ থেকে আক্রমণকারীদের বিরুদ্ধে থানায় অভিযোগ আনা হয়।

## পোষ্ট অফিসের বাণ্ডিল থেকে ১০০ টাকার জাল নোট, গ্রাহক নাজেহাল

নিজস্ব সংবাদদাতা ঃ রঘুনাথগঞ্জের অবসরপ্রাপ্ত জনৈক কর্মী ভূদেব ঘোষ স্থানীয় হেড পোষ্ট অফিস থেকে গত ২৭ অক্টোবর কিষাণ বিকাশের ২০ হাজার টাকার সীল করা বাণ্ডিল নিয়ে ইউ বি আই রঘুনাথগঞ্জ শাখায় জমা দিতে গিয়ে বিপাকে পড়েন। ১০০ টাকার সীল করা বাণ্ডিল থেকে একটি জাল নোট ব্যাংক কর্মী উদ্ধার করেন। জাল নোটের অপরাধে ভূদেব-বাবুকে হাজতে ঢোকানোর ভয়ও নাকি দেখানো হয়। এই নিয়ে তার সঙ্গে ( শেষ পৃষ্ঠায় )

## লালখানদিয়ার পোষ্ট অফিসে অবৈধ নিয়োগের অভিযোগে তদন্ত শুরু

নিজস্ব প্রতিনিধি ঃ রঘুনাথগঞ্জ ২ নং ব্লকের সেকেন্দ্রা গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত লালখান-দিয়ার গ্রামের পোষ্ট অফিসে একজন ইডি পোষ্টম্যান নিয়োগ নিয়ে মহকুমা ইন্সপেক্টর এর বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ এনেছেন ঐ গ্রামের ৫২ জন অধিবাসী। মহকুমার ডাক কর্তৃপক্ষকে গত ২৮ অক্টোবর এক লিখিত অভিযোগে তারা জানিয়েছেন ঐ পদের আবেদনকারীকে অবশ্যই ঐ ডাকঘর এলাকার বাসিন্দা হতে হবে বলে গত ২৯ জুন '৯৯ এর বিজ্ঞপ্তিতে বলা হয়েছিল। কিন্তু নিয়োগের সময় অবৈধভাবে গিরিয়া গ্রাম পঞ্চায়েতের লবণচোয়া গ্রামের জনৈক প্রাণকৃষ্ণ দাসকে ঐ পদে নিয়োগ করা হয়েছে। এ বিষয়ে পরবর্তীতে জানা গেছে ডাক বিভাগের মুর্শিদাবাদ ডিভিশনের সুপারিন্টেন্ডেন্ট অমরুজাক্ষ মুখার্জী গত ৩০ অক্টোবর এ ব্যাপারে তদন্তে আসেন।

## বন্যাত্রাণ নিয়ে বিধায়কের নেতৃত্বে বিডিওকে কংগ্রেসের ডেপুটেশন

নিজস্ব সংবাদদাতা ঃ বন্যা দুর্গত মানুষদের জন্য ত্রিপল ও ত্রাণের ব্যবস্থা, গত বছর ও এ বছর বন্যায় ক্ষতিগ্রস্ত মানুষদের জন্য গৃহনির্মাণে অনুদান দান, সমস্ত বকেয়া কৃষিঋণ মকুব, চাষীদের রবিশস্যের মিনিকিট ও মাছচাষীদের জন্য মাছের মিনিকিট বন্টন, ব্লকের চারটি গ্রাম পঞ্চায়েতকে প্রতিবছর বন্যার হাত থেকে রক্ষা করার জন্য পাগলা ও বাঁশলই নদীর সংস্কার, জলমগ্ন বিস্তীর্ণ অঞ্চলকে উদ্ধার করার মাষ্টার প্ল্যান তৈরী, হিলোড়া হাসপাতাল পুনরায় চালু এবং বহুতালী ও আহিরণ হাসপাতালের সংস্কারসহ ১২ দফা দাবী ( শেষ পৃষ্ঠায় )

বাজার খুঁজে ভালো চায়ের নাগাল পাওয়া ভার,
দার্জিলিঙের চূড়ায় ওঠার সাধ্য আছে কার ?
শুনুন মশাই, শুধু কথা বাক্য পারবার
মনমাতানো দারুণ চায়ের ভাঁড়ার চা ভাণ্ডার।
সবার প্রিয় চা ভাণ্ডার, সদরঘাট, রঘুনাথগঞ্জ।
ফোন : আর পি পি ৬৬২০৫

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ

# জঙ্গিপুর সংবাদ

১৬ই কার্তিক বুধবার, ১৪০৬ সাল।

## ॥ পালাবদলে ॥

পাকিস্তানে পালাবদল হইয়াছে। প্রধানমন্ত্রী নওয়াজ শরিফকে অপসারিত করিয়া জেনারেল পারভেজ মোশারফ পাকিস্তানের নূতন সামরিক শাসক হইয়াছেন। পাকিস্তানে সামরিক কর্তৃত্বের শাসন ক্ষমতা দখল একাধিকবার হইয়াছে এবং গণতান্ত্রিক শাসন ব্যবস্থা একাধিকবার কবরস্থ হইয়াছে। বস্তুত পাকিস্তানে যে আভ্যন্তরীণ বিশৃঙ্খলা, তাহা সেখানকার নাগরিকদের যেন 'গা-সহা' হইয়া গিয়াছে। কাজেই সেখানে সামরিক তন্ত্রের অবসান ঘটাইয়া গণতন্ত্র কবে যে ফিরিয়া আসিবে, তাহা বর্তমান সামরিক শাসকের পক্ষে বলা সম্ভব নহে বলিয়া তিনি মন্তব্য করিয়াছেন।

অপসারিত প্রধানমন্ত্রী নওয়াজ শরিফ এখন একপ্রকার কারান্তরালে। স্বাধীনভাবে কোথাও যাওয়া, কিছু করা—এই সব ক্ষমতা তিনি বর্তমানে হারাইয়াছেন। জেনারেল পারভেজ মোশারফ আরব দুনিয়ার মুসলিম রাষ্ট্রগুলির কয়েকটিতে সফর করিয়া তাঁহার কৃতকর্মের জন্য সমর্থন সংগ্রহের চেষ্টা করিয়াছিলেন। ফলাফলের সুস্পষ্ট আভাস এখনও পাওয়া যায় নাই।

তবে জেনারেল পারভেজ নওয়াজ শরিফের বিরুদ্ধে নানারকম দুর্নীতির প্রসঙ্গ উত্থাপন করিয়াছেন। সরকারী অর্থ তছরুপ, দেশের নিরাপত্তা ব্যাপারে ক্ষমতার অপব্যবহার প্রভৃতি অভিযোগ নওয়াজ শরিফ সম্বন্ধে রহিয়াছে। এইজন্য জেনারেল মোশারফ বলিয়াছেন যে, দেশের বিচার বিভাগ নওয়াজ শরিফের ভাগ্যনির্ধারক, তিনি নহেন। খবরে প্রকাশ যে, নওয়াজ শরিফ সম্পর্কে তদন্ত চলিতেছে; অভিযোগের তালিকা চূড়ান্ত হইলে বিচার বিভাগ তাঁহার সম্বন্ধে ব্যবস্থা গ্রহণ করিবেন, পাকিস্তানের বর্তমান কাণ্ডারী এইরূপ মন্তব্য করিয়াছেন। জেনারেল মোশারফ এখন তাঁহার অনুকূলে বিশ্ব-জনমত পাইবার চেষ্টায় আছেন। পাকিস্তানে নূতন মন্ত্রিসভা গঠনের কথাও তিনি বলিয়াছেন। দেশের অর্থনীতি পরিবর্তিত পরিস্থিতিতে যে ধাক্কা খাইয়াছে, তাহা পূরণের জন্য জেনারেল মোশারফ অন্যপ্রকার চেষ্টা চালাইতেছেন।

এক সময় জেনারেল পারভেজ মোশারফ পাক প্রধানমন্ত্রী নওয়াজ শরিফের খুব অন্তরঙ্গ ছিলেন। তাঁহার উপর যথেষ্ট গুরুত্ব পাক প্রধানমন্ত্রী দিতেন। কিন্তু হঠাৎ সেই সম্পর্ক নষ্ট হইয়া গেল। জেনারেল পারভেজ মো'শারফের হেনস্থা করিবার ব্যবস্থা তিনি করিয়া ফেলিলেও শেষ রক্ষা হইল না। তিনি নিজেই জালে জড়াইয়া পড়িলেন। এখন তাঁহার ভাগ্য অনিশ্চিত।

## স্বস্তির রাস্তা বর্তমানে অস্বস্তিতে পূর্ণ

নিজস্ব সংবাদদাতা: সাগরদীঘি ব্লকের কাবিলপুর গ্রাম পঞ্চায়েতের বালিয়া থেকে কাবিলপুর বটতলা অবধি মোড়াম রাস্তার বেহাল অবস্থা। বর্ষার আগে ৪ কিলোমিটার রাস্তাটি খারাপ হয়ে যায়। বর্ষাতে রাস্তা চলাচলের অযোগ্য হয়ে পড়ে। কাবিলপুর অঞ্চলভুক্ত মানুষ ছাড়াও উলাডাঙ্গা, বাল্লানগর, বালাগাছি, গোপালপুর এমন কি নদী পারের রাজারামপুরের মানুষদেরও নিত্য চলাচলের পথ এটি। সাধারণ মানুষ ও স্কুলের ছাত্র-ছাত্রীদের বেশী সমস্যায় ফেলেছে। এলাকাবাসী অনেক আবেদন নিবেদন করা সত্ত্বেও কাজ হয়নি। কাবিলপুর গ্রাম পঞ্চায়েতের প্রধান আলতাফুর রহমানও এব্যাপারে নির্বিকার। সমস্যা জর্জরিত রাস্তাটির দিকে উর্দ্ধতন কর্তৃপক্ষের বিন্দুমাত্র নজর নেই।

## চিঠি-পত্র

( মতামত পত্রলেখকের নিজস্ব )

### *স্কুলের টিউবওয়েল চালু হলো না*

আমার হরিরামপুর প্রাথমিক বিদ্যালয়ের টিউবওয়েলটি দীর্ঘ এক বৎসর ধরে অকেজো অবস্থায় পড়ে আছে। মনিগ্রাম গ্রাম পঞ্চায়েতে মেরামতের ব্যাপারে বার বার আবেদন জানিয়েও কোন কাজ হয়নি। স্কুলের ছাত্র-ছাত্রীরা বাধ্য হয়ে পার্শ্ববর্তী পুকুরের জল পান করছে। বর্তমানে পুকুরের জল পান করা যে কতটা অস্বাস্থ্যকর ব্যাপার তা সর্বজনবিদিত। সম্প্রতি লোকসভা নির্বাচনে এখানে একটি ভোট কেন্দ্র চালু থাকলেও টিউবওয়েলটি মেরামতের কোন ব্যবস্থা হয়নি।

শিবশঙ্কর ঘোষ
প্রধান শিক্ষক, হরিরামপুর
প্রাঃ বিদ্যালয়

### *জমি বিক্রী*

রঘুনাথগঞ্জ সদরঘাটে বসবাসের উপযোগী ছয় কাঠা ফাঁকা জায়গা ও শ্রীকান্তবাটী মৌজায় পাতিয়াবাবুর ভাটা সংলগ্ন ৪৫ শতক চাষের জমি সত্বর বিক্রয়ে ইচ্ছুক। যোগাযোগের স্থান—

শ্যামাপদ সিংহ
মহাবীরতলা, পোঃ জঙ্গিপুর (মুর্শিদাবাদ)
ফোন: ৬৪৫৯৩/এসটিডি-০৩৪৮৩

## রঘুনাথগঞ্জ থানার ত্রিতল ভবনের জাঁকজমক উদ্বোধন

নিজস্ব সংবাদদাতা: রঘুনাথগঞ্জ থানার ত্রিতল ভবনের উদ্বোধন করে গেলেন সি আর পি এফের ডি আই জি অনিলকুমার। গত ২৪ অক্টোবর সন্ধ্যায় জাঁকজমকপূর্ণ ঐ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন এস পি সৌমেন মিত্র ও এ এস পি পবিত্র রায়। প্রসঙ্গতঃ উল্লেখ্য, পুরোনো থানা ভবন থেকে বর্তমানের নতুন দ্বিতল ভবনের উদ্বোধন হয় পূর্বতন ওসি দুলাল ভট্টাচার্যের উদ্যোগে এবং ওসি প্রবীর রায়ের আমলে। ত্রিতল ভবন নির্মাণে ২ লক্ষ টাকা মতো খরচ হয়। এর মধ্যে এস পি এক লক্ষ টাকা দেন। ভবন নির্মাণের আনুসঙ্গিক সামগ্রী বিভিন্ন ব্যবসায়ী সরবরাহ করেন। এ খবর দেন বর্তমান ওসি দিলীপ হাজরা। ভবন উদ্বোধন উপলক্ষে ঐ দিন থানায় অঢেল ভুড়ি ভোজের ব্যবস্থা ছিল এবং এক বিচিত্রানুষ্ঠানেরও আয়োজন করা হয় ঐ দিন সন্ধ্যায়।

### *ব্লক কংগ্রেসের ডেপুটেশন*

নিজস্ব সংবাদদাতা: রঘুনাথগঞ্জ-১ ব্লক কংগ্রেসের পক্ষ থেকে গত ৩০ অক্টোবর স্থানীয় বিদ্যুৎ দপ্তরের এ্যাসিঃ ইঞ্জিনীয়ারকে পাঁচদফা দাবীর ভিত্তিতে এক ডেপুটেশন দেওয়া হয়। দাবীগুলোর মধ্যে উল্লেখযোগ্য ১) অবিলম্বে পৌর এলাকার পাঁচটি অকেজো ট্রান্সফর্মার চালু, ২) ষ্টেশন সুপারকে নিয়মিত অফিসে হাজিরা দিয়ে সপ্তাহে একদিন পুলিশ নিয়ে হুকিং ট্যাপিং বন্ধে উদ্যোগ নেওয়া ইত্যাদি। রঘুনাথগঞ্জ ১ ব্লক কংগ্রেস সভাপতি অরুণ সরকার সূত্রে এই খবর পাওয়া যায়।

### *স্পিরিটে বাবা ও ছেলে অগ্নিদগ্ধ*

নিজস্ব সংবাদদাতা: জঙ্গীপুর মিউনিসিপ্যালিটির ২নং ওয়ার্ডের জয়রামপুর মণ্ডলপাড়ার জেনারেটর ব্যবসায়ী হুমায়ন কবীর ওরফে হিমু (৩০) ও তার সাত বছরের ছেলে আহাকাশ অগ্নিদগ্ধ হয়। জানা যায় এক খরিদ্দারকে স্পিরিট দিতে গিয়ে লোডসেডিং-এ প্রদীপের আলোয় বোতলের মাপ দেখতে গেলে অগ্নি সংযোগ হয়ে বিকট শব্দে বিস্ফোরণ হয়। সেই সময় হিমুর পাশে তার ৭ বছরের ছেলে আহাকাশ দাঁড়িয়েছিল। বিস্ফোরণে হিমুর দু'হাত ও মুখ সাংঘাতিকভাবে পুড়ে যায়। ছেলে তার তুলনায় কম পুড়ে। জঙ্গীপুর ফাঁড়ীর পুলিশ ঘটনাস্থলে এসে দু'জনকে মহকুমা হাসপাতালে ভর্তি করে। হিমুর অবস্থা আশংকাজনক।

# বিজ্ঞপ্তি

এতদ্দ্বারা বিজ্ঞাপিত করা যাইতেছে যে সুতী ২নং ব্লকের অন্তর্গত ১০টি গ্রাম পঞ্চায়েতে সহায়ক পদের জন্য নিম্নলিখিত যোগ্যতাসম্পন্ন প্রার্থীদের নিকট হইতে নিম্নবর্ণিত ছক অনুযায়ী সাদা কাগজে দরখাস্ত আহ্বান করা যাইতেছে।

১। মুর্শিদাবাদ জেলার স্থায়ী বাসিন্দা ঃ ( প্রমাণপত্র সংশ্লিষ্ট প্রধান / সভাপতি কর্তৃক বিগত ছয় মাসের মধ্যে প্রদত্ত হওয়া চাই )

২। ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা ঃ ( মাধ্যমিক বা সমতুল্য পরীক্ষায় উত্তীর্ণ। মাধ্যমিক পরীক্ষার মোট নম্বরের প্রাপ্ত নম্বর কমপক্ষে ৫০ শতাংশ হওয়া চাই। একমাত্র পঞ্চায়েতের কাজে ৩ বৎসরের অভিজ্ঞতা ও টাইপ জানা অভিজ্ঞতার ক্ষেত্রে ৫ শতাংশ নম্বর শিথিলযোগ্য )।

৩। বয়স ক) ১/৪/৯৯ তারিখে ১৮ হইতে ৩৭ বৎসরের মধ্যে।
খ) তপশিলী জাতি /উপজাতি প্রার্থীদের জন্য বয়সের ঊর্ধ্বসীমা ৫ বৎসর শিথিলযোগ্য।

৪। স্থানীয় কর্মবিনিয়োগ কেন্দ্রে নাম নথিভুক্ত হওয়া চাই।

৫। সাইকেল চালান জানা প্রার্থীরা অগ্রাধিকার পাইবেন।

৬। প্রত্যয়িত করা দুই কপি পাশপোর্ট সাইজ ফটো অবশ্যই দরখাস্তের সঙ্গে দিতে হইবে। এক কপি আবেদনপত্রে সাঁটানসহ। এর সঙ্গে একটি ২৫—১২ সেন্টিমিটার ঠিকানাসহ খাম দিতে হইবে তিন টাকার ডাকটিকিটসহ।

৭। আবেদনপত্র অসম্পূর্ণ বা অসংগতি থাকিলে বাতিল হইবে। প্রার্থীগণকে প্রথমে যোগ্যতা নির্ণায়ক একটি লিখিত পরীক্ষায় বসিতে হইবে ও সফল পরীক্ষার্থীদের পরবর্তীতে মৌখিক পরীক্ষাও দিতে হইবে।

নিম্নবর্ণিত নির্দিষ্ট ছকে পূরণ করা দরখাস্ত সমষ্টি উন্নয়ন আধিকারিক, সুতী-২নং ব্লকের উদ্দেশ্যে অবশ্যই ২৬/১০/৯৯ হইতে ২৬/১১/৯৯ তারিখের মধ্যে ডাকযোগে অথবা ব্যক্তিগতভাবে ব্লক অফিসে নির্দিষ্ট বাক্সে জমা দিতে হইবে। সহায়ক পদের জন্য কথাটি খামের উপর লিখতে হবে।

১০টি গ্রাম পঞ্চায়েতের ১০টি সহায়ক পদের সংরক্ষিত তালিকা নিম্নে দেওয়া হইল। ( ১০০ দফা রোষ্টার অনুযায়ী )

১। উমরাপুর গ্রাম পঞ্চায়েত—তপশিলী জাতি
২। কাশিমনগর গ্রাম পঞ্চায়েত—সাধারণ
৩। জগতাই ২নং গ্রাম পঞ্চায়েত—সাধারণ
৪। জগতাই ১নং গ্রাম পঞ্চায়েত—তপশিলী উপজাতি
৫। অরঙ্গাবাদ ১নং গ্রাম পঞ্চায়েত—সাধারণ
৬। অরঙ্গাবাদ ২নং গ্রাম পঞ্চায়েত—সাধারণ
৭। মহেশাইল ১নং গ্রাম পঞ্চায়েত—তপশিলী জাতি
৮। বাজিতপুর গ্রাম পঞ্চায়েত—সাধারণ
৯। মহেশাইল ২নং গ্রাম পঞ্চায়েত—ও, বি, সি
১০। লক্ষ্মীপুর গ্রাম পঞ্চায়েত—সাধারণ

একজন আবেদনকারী মাত্র একটি পঞ্চায়েতের জন্য আবেদনপত্র করিতে পারিবে। একাধিক করিলে বাতিল বলিয়া গণ্য হইবে।

স্বাঃ
সমষ্টি উন্নয়ন আধিকারিক
সুতী-২নং ব্লক, দফাহাট, মুর্শিদাবাদ।
আহ্বায়ক নির্বাচক কমিটি

তারিখ ৮/৭/৯৯

( পর পৃষ্ঠায় )

## ধনপতনগরে বোমা বিস্ফোরণ

জঙ্গিপুর ঃ গত ২ নভেম্বর সকাল ৮ টায় জঙ্গিপুর পুরসভার ৮নং ওয়ার্ডের ধনপতনগরে জঙ্গিপুর সবজি বাজারের ব্যবসায়ী গৌতম মন্ডলের বাড়ীতে একসঙ্গে প্রায় ১০/১৫টি বোমা বিস্ফোরণ হয়। বিস্ফোরণে বাড়ীর প্রচুর ক্ষতি হলেও কোন হতাহতের খবর নাই। বিস্ফোরণের সময় বাড়ীতে কেউ ছিল না এবং হাঁড়িতে রাখা বোমা বিড়ালে উল্টে দিলে এই বিস্ফোরণ ঘটে বলে গ্রামবাসীরা জানান। ধনপতনগর এলাকায় প্রায়ই বোমা বিস্ফোরণে এলাকার মানুষ আতঙ্কিত।

## নতুন হারে পেনসন থেকে বঞ্চিত

সাগরদীঘি ঃ জঙ্গিপুর মহকুমার যে সমস্ত প্রাইমারী শিক্ষক ১৯৯৬ সালে অবসরগ্রহণ করেন তাঁরা পুজোর আগে নতুন হারে পেনসন পেলেন না। অবসর-প্রাপ্ত শিক্ষকদের অভিযোগ, অর্থমন্ত্রী ও শিক্ষামন্ত্রী বলে-ছিলেন পে-কমিশনেররায়ের টাকা অবসর গ্রহণকারীদের সঙ্গে সঙ্গে দেওয়া হবে। ১৯৯৬ সালের আগে যারা অবসর নেন তাদের বর্ধিত টাকা দেওয়া হল। যারা কার্য্যরত প্রাথমিক শিক্ষক তাদেরও ৪০ শতাংশ ডি-এ দেওয়া হচ্ছে। অথচ '৯৬ সালের অবসরপ্রাপ্ত শিক্ষকরা অপসন দিয়েও বর্ধিত পেনসন থেকে বঞ্চিত হলেন।

## কার্গিল ফাণ্ডে অর্থ দান

সংবাদদাতা ঃ কার্গিল যুদ্ধে বীর সৈনিকদের পাশে দাঁড়াতে ছাবঘাটী কে, ডি বিদ্যালয়ের প্রত্যোক শিক্ষক, শিক্ষিকা ও অশিক্ষক কর্মীরা তাঁদের এক-দিনের বেতন বাবদ ১২,৭৭৭ টাকা কার্গিল ফান্ডে দান করেন। বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীরাও নিজেদের উদ্যোগে বিভিন্ন শ্রেণীর ছেলেমেয়েদের কাছ থেকে মোট ২১০০ টাকা সংগ্রহ করে এবং উক্ত ফান্ডে দান করে।

[ ৩য় পৃষ্ঠার পর

## দরখাস্তের ছক ঃ—

পদের নাম ঃ সহায়ক ........................................গ্রাম পঞ্চায়েত

সুতী ২নং ব্লক, মুর্শিদাবাদ

ফটো সাঁটার জায়গা

১। প্রার্থীর নাম..........................................

২। পিতা / স্বামীর নাম..................................

৩। স্থায়ী ঠিকানা ঃ

৪। জন্ম তারিখ : ( প্রত্যায়িত নকল দিতে হইবে )

৫। বয়স ঃ ১-৪-৯৯ এ ১৮ বৎসর হওয়া চাই।

৬। শিক্ষাগত যোগ্যতা ঃ ( প্রত্যায়িত নকল দিতে হইবে )

৭। তপশিলী জাতি / উপজাতি কিনা ঃ হ্যাঁ / না
হ্যাঁ হইলে জাতির নাম। ( প্রত্যায়িত নকল উপযুক্ত কর্তৃপক্ষের নিকট হইতে হওয়া চাই )

৮। স্থানীয় কর্ম বিনিয়োগ কেন্দ্রের নাম ও নম্বর / নথিভুক্তির নম্বর।
( কার্ডের প্রত্যায়িত নকল দিতে হইবে )

তারিখ— আবেদনকারীর স্বাক্ষর

Order No. 1465/1 (2) Dated 25. 10. 99

### কংগ্রেসের ডেপুটেশন

( ১ম পৃষ্ঠার পর )

ও রাজনৈতিক উদ্দেশ্যে বোফর্সের চার্জশিটে প্রয়াত প্রধানমন্ত্রী রাজীব গান্ধীর নাম অন্তর্ভুক্তি ও তা অবিলম্বে বাতিলের দাবীতে গত ২৭ অক্টোবর সুতী ১নং ব্লকের সমষ্টি উন্নয়ন আধিকারিকের কাছে স্থানীয় বিধায়ক মহঃ সোহরাবের নেতৃত্বে ব্লক কংগ্রেস থেকে এক ডেপুটেশন দেওয়া হয়েছে। ডেপুটেশনে উপস্থিত ছিলেন ব্লক কংগ্রেস সভাপতি অমিয়কুমার দাস, মোজাম্মেল হক, উমাপতি মন্ডলসহ ব্লকের অন্যান্য কংগ্রেসী নেতারা। তাঁরা সাদিকপুর, নুরপুর গ্রামকে রক্ষা করার জন্য গাঙ্গিন, সোনাপুর, ফতুল্লাপুরে বাঁধ তৈরীর দাবীও জানিয়েছেন।

### গ্রাহক নাজেহাল

(১ম পৃষ্ঠার পর )

ব্যাংক কর্মীদের তর্কবিতর্ক চলে। শেষে বান্ডিল সমেত টাকা নিয়ে ভূদেববাবু মেন পোষ্ট অফিসে আসেন। সেখানে তাঁকে পুনরায় নতুন বান্ডিল দেওয়া হয়। পোষ্ট অফিসের ত্রুটির জন্য ভূদেববাবুর মতো অনেকেই নাজেহাল হচ্ছেন। এ ব্যাপারে উর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করা হচ্ছে।




আর কোথাও না গিয়ে আমাদের এখানে অফুরন্ত সমস্ত রকম সিল্ক শাড়ী, কাঁথা ষ্টিচ করার জন্য তসর থান, কোরিয়াল, জামদানী জোড়, পাঞ্জাবীর কাপড়, মুর্শিদাবাদ পিওর সিল্কের প্রিন্টেড শাড়ীর নির্ভরযোগ্য প্রতিষ্ঠান।

উচ্চ মান ও ন্যায্য মূল্যের জন্য পরীক্ষা প্রার্থনীয়।

বাঘিড়া ননী এণ্ড সন্স

মির্জাপুর ॥ গনকর

ফোন নং ঃ গনকর ৬২০২৯



সকলকে অভিনন্দন জানাই—

রঘুনাথগঞ্জ ব্লক নং-১
রেশম শিল্পী সমবায় সমিতি লিঃ

( হ্যাণ্ডলুম ডেভেলপমেন্ট সেন্টার )

রেজিঃ নং—২০ ✱ তারিখ—২১-২-৮০

গ্রাম মির্জাপুর ॥ পোঃ গনকর ॥ জেলা মুর্শিদাবাদ

ফোন নং—৬২০২৭



ঐতিহ্যমণ্ডিত সিল্ক, গরদ, কোরিয়াল জামদানী জাকার্ড, সার্টিং থান ও কাঁথাষ্টিচ শাড়ী, প্রিন্ট শাড়ী সুলভ মূল্যে পাওয়া যায়।

বিশেষ সরকারী ছাড় ২০%
(১লা সেপ্টেম্বর থেকে ৩০শে নভেম্বর পর্যন্ত)

✪ সততাই আমাদের মূলধন ✪

জয়ন্ত বাঘিড়া — সভাপতি
ধনঞ্জয় কাদিয়া — ম্যানেজার
অচিন্ত্য মনিয়া — সম্পাদক


দাদাঠাকুর প্রেস এণ্ড পাবলিকেশন, পোঃ রঘুনাথগঞ্জ চাউলপট্টি, ( মুর্শিদাবাদ ) পিন ৭৪২২২৫ হইতে সত্বাধিকারী অনুত্তম পণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।